

86

আজকের কাগজ

তারিখ 1.1 JAN 1993

কলাম ...

184

দাবি-দাওয়া নিয়ে শিক্ষামন্ত্রীর সঙ্গে সরকারি কলেজ শিক্ষক সমিতির সাক্ষাৎ

বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক সমিতির একটি প্রতিনিধি দল গতকাল শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দীন সরকারের সঙ্গে তার দফতরে দেখা করেন। প্রতিনিধি দল সরকারি কলেজে শূন্য পদ পূরণ, বিভিন্ন স্তরের শিক্ষকদের পদোন্নতি প্রক্রিয়া ত্বরান্বিতকরণ, প্রভাষকদের চার বছর পূর্তির পর ৪১০০ টাকা টাইম স্কেল, লাইব্রেরিয়ান, প্রদর্শন শিক্ষক ও শরীরচর্চা শিক্ষকগণের সংশ্লিষ্ট বিভাগে উর্ধ্বতন পদ সৃষ্টি করে পদোন্নতির দাবিভিত্তিক একটি স্মারকলিপি পেশ করেন।

স্মারকলিপির প্রেক্ষিতে শিক্ষামন্ত্রী জানান, সরকার সাড়ে তিন হাজার শিক্ষকের পদোন্নতি দিয়েছে, পদোন্নতি ও নতুন নিয়োগের মাধ্যমে সকল শূন্য পদ কিছু দিনের মধ্যে পূরণ করা হবে এবং পদোন্নতি প্রক্রিয়া চলবে। বিশেষ বিসিএস পরীক্ষায় মনোনীত দুই হাজার প্রভাষককে

সরকারি কলেজে নিযুক্ত করার পর একটি প্যানেল তৈরি করা হবে যাতে করে প্রভাষক পদ শূন্য বয়স সঙ্গ্রে সঙ্গে তাৎক্ষণিকভাবে প্রভাষক পদ পূরণ করা সম্ভব হয়। মাধ্যমিক স্তরে উচ্চ মাধ্যমিক শ্রেণীর লেখাপড়ার ব্যবস্থা চালু করা হবে যাতে গ্রামের ছেলে-মেয়েরা অল্প খরচে উচ্চ মাধ্যমিক শ্রেণী পর্যন্ত পড়ার সুযোগ পায়।

সমিতির সভাপতি অধ্যাপক এম মোজাফফর হোসেন, সহ-সভাপতি অধ্যাপক মতিয়ুর রহমান, অধ্যাপক আবদুর রউফ, অধ্যাপক সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক মোঃ হাসানুল বারি, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ খলিলুর রহমান, মিজানুর রহমান, বেগম হাসনা হেনা, অধ্যক্ষ আব্দুস ছাত্তার, অধ্যাপিকা জিনাত রোকসানা ও সাঈদ আহমেদ উক্ত প্রতিনিধি দলের অন্তর্ভুক্ত ছিলেন। খবর বিজ্ঞপ্তি।